



Government of the People's Republic of Bangladesh
Prime Minister's Office
Access to Information (a2i) Programme



স্মারক নং: ০৩.৮০৫.০০৩.০০.০০.০২১.২০১৪ -১০০

তারিখ: ২২ জুন, ২০১৪

বিষয়: জেলা প্রশাসন কর্তৃক মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং প্রসঙ্গে।

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০২১ বাস্তবায়ন তথা জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছানোর লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের পক্ষ থেকে নানামুখী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর মধ্যে ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্র (ইউআইএসসি), মাল্টিমিডিয়া ক্লাসরুম, জেলা ই-সেবাকেন্দ্র, জাতীয় তথ্য বাতায়ন উল্লেখযোগ্য। তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে 'জনগণের দোরগোড়ায় সেবা' পৌঁছানোর জন্য চলতি বছর 'ওয়ার্ল্ড সামিট ফর ইনফরমেশন সোসাইটি (WSIS)' পুরস্কার জিতেছে বাংলাদেশ। গত ১০ জুন সুইজারল্যান্ডের রাজধানী জেনেভায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম'কে এই পুরস্কার প্রদান করে আন্তর্জাতিক টেলি কমিউনিকেশন ইউনিয়ন (আইটিইউ)। বাংলাদেশের জন্য এটি একটি বিশাল অর্জন, এবং মাঠ প্রশাসনের কর্মকর্তাগণ এ কৃতিত্বের দাবিদার।

জেলা প্রশাসনের গতিশীল নেতৃত্বের কারণে জেলা ই-সেবাকেন্দ্র সঠিকভাবে কাজ করছে, ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্রসমূহ (ইউআইএসসি) টেকসই হয়ে উঠেছে এবং জাতীয় তথ্য বাতায়ন (National Portal) নিয়মিত হালনাগাদ হচ্ছে। কিন্তু সাম্প্রতিক সময়ে আমাদের নজরে এসেছে যে, শিক্ষার মানোন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত মাল্টিমিডিয়া ক্লাসরুম ও শিক্ষকদের তৈরি ডিজিটাল কনটেন্ট কার্যক্রম অনেক বিদ্যালয়ে তিকমতো চালু নেই। এতে করে শিক্ষা প্রতিষ্ঠানে শিখন-শেখানো কার্যক্রমের গুনগত পরিবর্তন সম্ভবপর হচ্ছে না। মাল্টিমিডিয়া ক্লাসরুমসমূহ সচল রাখার ক্ষেত্রেও জেলা প্রশাসনের ভূমিকা ও নেতৃত্ব প্রয়োজন।

মাল্টিমিডিয়া ক্লাসরুম ও শিক্ষকদের তৈরি ডিজিটাল কনটেন্ট কার্যক্রমে গতি সঞ্চার করতে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা/আইসিটি), উপজেলা নির্বাহী কর্মকর্তা, সহকারি কমিশনার (আইসিটি) ও সহকারি প্রোগ্রামারকে সম্পৃক্ত করে মনিটরিং কার্যক্রম পরিচালনা করা যেতে পারে। জেলা প্রশাসন কর্তৃক জেলা শিক্ষা কর্মকর্তা এবং জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে মাল্টিমিডিয়া ক্লাসরুম সম্পর্কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা যেতে পারে, যাতে করে তারা উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাসহ মাঠ পর্যায়ের শিক্ষা কর্মকর্তাগণকে সম্পৃক্ত করে ডিজিটাল কনটেন্টভিত্তিক মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং ও মেনটরিং করতে পারেন। এ বিষয়ে এটুআই প্রোগ্রামের কনসালট্যান্ট জনাব আসাদ-উজ-জামান-এর (ফোন: ০১৭১২ ০৯ ২৯ ২২) এর সাথে যোগাযোগ করা যেতে পারে এবং মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং ও পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন এ ইমেইল ঠিকানায় (asad@a2i.pmo.gov.bd) পাঠানো যেতে পারে।

শিক্ষকগণ যাতে বিভিন্ন বিষয়ের উপর আকর্ষণীয় কনটেন্ট তৈরি করে সবার সাথে অনলাইনে শেয়ার করতে পারেন, সেজন্য শিক্ষক বাতায়ন (www.teachers.gov.bd), এবং মাঠ প্রশাসনের কর্মকর্তা ও শিক্ষা কর্মকর্তাগণ যেন মাল্টিমিডিয়া ক্লাসরুম সম্পর্কে তাদের অভিজ্ঞতা, মতামত ও পরামর্শ শেয়ার করতে পারেন, সেজন্য শিক্ষক বাতায়ন ব্লগ (www.teachers.gov.bd/blog) প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে সকল জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা শিক্ষা কর্মকর্তা ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাগণকে এ ব্লগে অন্তর্ভুক্তির জন্য ইমেইলে আমন্ত্রণ পাঠানো হয়েছে। ব্লগ সংক্রান্ত প্রয়োজনে এটুআই প্রোগ্রামের গবেষণা সহকারি জনাব রফিকুল ইসলাম সুজন (ফোন: ০১৯১১ ৮৬ ২৪ ৯১ ও ইমেইল: sujonanu@gmail.com)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

(নাইমুজ্জামান মুক্তা)

জনপ্রেক্ষিত বিশেষজ্ঞ

একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম

প্রধানমন্ত্রীর কার্যালয়।

ইমেইল: naimuzzaman@pmo.gov.bd

জেলা প্রশাসক (সকল)

অনুলিপি: উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)